গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
প্রশাসন শাখা

...

| | |
|---|---|
| সভাপতি | কাজী দেলোয়ার হোসেন<br>ব্যবস্থাপনা পরিচালক (রুটিন দায়িত্ব) |
| সভার তারিখ | ২৮ সেপ্টেম্বর ২০২২ খ্রি. |
| সভার সময় | সকাল ১১.০০ টা |
| স্থান | ট্রাস্ট'র সম্মেলন কক্ষ |
| উপস্থিতি | "ক" |

০২। সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভাপতি সভার কাজ শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে সহকারী পরিচালক (প্রশাসন) গত ৩০ আগস্ট ২০২২ খ্রি. তারিখে অনুষ্ঠিত আগস্টমাসের মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী পাঠ এবং আলোচ্যসূচিভূক্ত বিষয়সমূহ পর্যায়ক্রমে উপস্থাপন করেন। সভায় উপস্থিত কর্মকর্তা/কর্মচারীদের সক্রিয় অংশগ্রহণে বিস্তারিত আলোচনার পর নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়:

| ক্রম. | বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ০১. | কার্যবিবরণী নিশ্চিতকরণ | প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্টের ব্যবস্থাপনা পরিচালকের সভাপতিত্বে গত ৩০ আগস্ট ২০২২ খ্রি. তারিখে অনুষ্ঠিত মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী ট্রাস্টের সহকারী পরিচালক (প্রশাসন) সভায় উপস্থাপন করেন। কার্যবিবরণীতে সংশোধনীর জন্য কোনরূপ সুপারিশ পাওয়া যায়নি। | আগস্ট, ২০২২ মাসের কার্যবিবরণী সর্বসম্মতিক্রমে নিশ্চিত করা হয়। | সহকারী পরিচালক (প্রশাসন) |
| ০২. | শাখা পরিদর্শন | পরিচালক উল্লেখ করেন যে, সচিবালয় নির্দেশমালা, ২০১৮ অনুযায়ী প্রত্যেক শাখা কর্মকর্তা কর্তৃক নিজ নিজ শাখা প্রতি দুইমাসে ০১ বার পরিদর্শন করার বিধান রয়েছে।<br>সহকারী পরিচালক (প্রশাসন) সভায় জানান যে, গত আগস্ট মাসে ট্রাস্টের উপবৃত্তি এবং সমন্বিত উপবৃত্তি কার্মসূচি'র অর্থ শাখা এ ২ টি শাখার কর্মকর্তাবৃন্দ শাখা পরিদর্শনপূর্বক প্রতিবেদন পেশ করেছেন। এক্ষেত্রে শাখা পরিদর্শনপূর্বক প্রতিবেদন প্রতি মাসের ২০ তারিখের মধ্যে জমা প্রদান করা যেতে পারে। | সংশ্লিষ্ট কর্মকর্তা স্বীয় শাখা পরিদর্শনপূর্বক প্রতিবেদন প্রতি মাসের ২০ তারিখের মধ্যে ট্রাস্টের প্রশাসন শাখায় জমা প্রদান করবেন। | সহকারী প্রোগ্রামার, PMEAT<br>ও<br>সহকারী পরিচালক (প্রশাসন), HSP |

| | | | | |
|---|---|---|---|---|
| ০৩. | বিদ্যুৎ এবং জ্বালানি সাশ্রয় | সহকারী পরিচালক (অর্থ ও হিসাব) সভায় জানান যে, বর্তমানে বিশ্বব্যাপী জ্বালানী তেলের মূল্য বৃদ্ধি পাওয়ায় মন্ত্রিপরিষদ বিভাগ এবং মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক বিদ্যুৎ (২৫%) এবং জ্বালানি ব্যয়ে (২০%) সাশ্রয় করার নির্দেশনার পরিপ্রেক্ষিতে ট্রাস্ট এবং সমন্বিত উপবৃত্তি কর্মসূচ'র সকল কর্মকর্তা ও কর্মচারী লাইট, ফ্যান, এসি ও গাড়ী ব্যবহারে সাশ্রয়ী হওয়ায় আগস্ট মাসের বিদ্যুৎ ও জ্বালানী যথাক্রমে ৪৪.৫০% ও ১৯% সাশ্রয় হয়েছে।<br>ট্রাস্ট ও সমন্বিত উপবৃত্তি কর্মসূচি থেকে নেওয়া গৃহীত পদক্ষেপে বিদ্যুৎ ও জ্বালানি সাশ্রয় হওয়ায় ট্রাস্টের পরিচালক মহোদয় সকল কর্মকর্তা ও কর্মচারীকে ধন্যবাদ জ্ঞাপন করেন। | i) জ্বালানী ও বিদ্যুৎ ব্যবহার সাশ্রয়ের এ ধারা অব্যাহত থাকবে।<br>ii) প্রতি মাসের সমন্বয় সভায় বর্তমান ও পূর্ববর্তী মাসের জ্বালানী ও বিদ্যুৎ ব্যবহারের তুলনামূলক প্রতিবেদন পেশ করতে হবে। | সহকারী পরিচালক (অর্থ ও হিসাব), ট্রাস্ট ও HSP |
| ০৪. | এসি পরিচালনা | ট্রাস্টের পরিচালক বলেন যে, কয়েকজন কর্মকর্তার কক্ষে নতুন করে এসি সংযোজন করা হয়েছে। এসির সংখ্যা বাড়ায় বিদ্যমান বিদ্যুৎ সংযোগ দ্বারা প্রয়োজনীয় লোড নেয়া সম্ভব হচ্ছে না।<br>ট্রাস্টের বিদ্যুৎ সংযোগের ক্যাপাসিটি বাড়াতে হবে মর্মে DPDC থেকে জানানো হয়েছে। ক্যাপাসিটি বৃদ্ধি একটি সময় সাপেক্ষ ব্যাপার বিধায় ক্যাপাসিটি বৃদ্ধি না করা পর্যন্ত বিদ্যুৎ ব্যবহারে কিছু সতর্কতামূলক ব্যবস্থা নিতে হবে। অন্যথায়, সবগুলো এসি একসাথে চালনা করলে দুর্ঘটনা ঘটার আশংকা রয়েছে। | i) ট্রাস্ট ও স্কিমের বিভিন্ন কক্ষে স্থাপিত সকল এসির তাপমাত্রা ২৫° ডিগ্রি সেলসিয়াস এর নিচে রাখা যাবে না।<br>ii) অফিস সময় শুরুর পর AC চালু করতে হবে।<br>iii) ট্রাস্ট ও স্কিম অফিসের সকল AC একই সময়ে একসাথে চালানো পরিহার করতে হবে।<br>iv) এক নাগাড়ে ৩০ মিনিটের বেশি AC চালু রাখা যাবে না। | কর্মকর্তা (সকল) ট্রাস্ট ও সমন্বিত উপবৃত্তি কর্মসূচি |
| ০৫. | ই-নথি সংক্রান্ত | ট্রাস্টের সহকারী পরিচালক (প্রশাসন) সভায় জানান যে, ই-নথি কার্যক্রমের ব্যবহার আরও বৃদ্ধির জন্য কোন পত্র ই-নথিতে সরাসরি নথিজাত না করে শাখা কর্মকর্তার নিকট উপস্থাপন করার মাধ্যেম নথিতে নিষ্পত্তি করা যেতে পারে। পাশাপাশি তিনি আরো জানান যে, হার্ডকপিতে প্রাপ্ত পত্রসমূহ ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারীর মাধ্যমে স্ক্যান করে ই-নথিতে উপস্থাপন করার বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা যেতে পারে। | ব্যক্তিগত এবং দাপ্তরিকভাবে প্রাপ্ত সকল হার্ড কপি স্ক্যান করে ই-নথিতে upload করতে হবে এবং ই-নথি কার্যক্রম চলমান রাখতে হবে। | কর্মকর্তা-কর্মচারী (সকল) |
| ০৬. | স্বাস্থ্য বিধি অনুসরণ | সমন্বিত উপবৃত্তি কর্মসূচির স্কিম পরিচালক সভায় জানান যে, কোভিড-১৯ এর প্রকোপ বেড়ে গেছে, এ বিষয়ে সবাইকে সতর্ক থাকা প্রয়োজন। সে ক্ষেত্রে স্বাস্থ্যবিধি অনুসরণপূর্বক সামাজিক দূরত্ব বজায় রেখে ট্রাস্টের সকল কর্মকর্তা/কর্মচারীকে নিয়মিত অফিসে উপস্থিত থেকে দায়িত্ব পালন করা সমীচীন। | স্বাস্থ্যবিধিসহ অন্যান্য নিরাপত্তা সংক্রান্ত বিষয়ে সংশ্লিষ্ট সরকারি নির্দেশনা অনুসরণ করতে হবে। | কর্মকর্তা/কর্মচারী (সকল) |

| | | | | |
|---|---|---|---|---|
| ০৭. | পরিস্কার পরিচ্ছন্নতা | সহকারী পরিচালক (প্রশাসন) সভাকে অবহিত করেন যে, গত সমন্বয় সভার সিদ্ধান্ত অনুযায়ী  ট্রাস্ট অফিস এবং তার আশেপাশে পরিস্কার ও পরিচ্ছন্নতা রাখার জন্য শিক্ষা বোর্ড ও এনটিআরসিএ বরাবর পত্র প্রেরণ করা হয়েছে এবং এনটিআরসিএ কর্তৃক চিঠির জবাব পাওয়া গেছে কিন্তু বিদ্যমান বোর্ডগুলো হতে কোন জবাব বা কোন পরিস্কার পরিচ্ছন্নতা বিষয়ক কোন কার্যক্রম দেখা যায় নি।<br>স্কিমের সহকারী প্রোগ্রামার সভায় জানান যে, ট্রাস্টের ওয়াসরুমগুলো বেশিরভাগ সময় অপরিস্কার থাকে। পরিচ্ছন্নকর্মী ওয়াসরুমগুলো প্রত্যেক দিন মাত্র একবার পরিস্কার করে বিধায় পরবর্তীতে এগুলো ব্যবহারের ফলে অপরিচ্ছন্ন হলেও আর পরিস্কার না করায় সেগুলো অস্বাস্থ্যকর ও নোংরা থাকে । | i) ট্রাস্ট অফিসের সর্বত্র জরুরিভিত্তিতে পরিস্কার পরিচ্ছন্ন কার্যক্রম গ্রহণ করতে হবে।<br>ii) ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনকে মশা নাশক ঔষধ প্রয়োগের জন্য পত্র প্রেরণ করতে হবে।<br>iii) শিক্ষা বোর্ডগুলো হতে যদি অক্টোবর ২০২২ এর ১ম সপ্তাহের মধ্যে কোন জবাব না আসে তাহলে প্রয়োজনীয় বোর্ডগুলোকে তাগিদ পত্র প্রেরণ করতে হবে।<br>iv) পরিচ্ছন্নতা কর্মীকে তার দায়িত্ব যথাযথভাবে পালনের জন্য নির্দেশ প্রদান করতে হবে এবং সকল কর্মকর্তা ও কর্মচারীকে ওয়াসরুম ব্যবহারে পরিস্কার পরিচ্ছন্নতার ব্যাপারে সচেষ্ট থাকতে হবে। | সহকারী পরিচালক (প্রশাসন) |
| ০৮. | সমন্বিত উপবৃত্তি কর্মসূচি Bounced Back সংক্রান্ত | ট্রাস্টের বিগত (আগস্ট ২০২২) মাসিক সমন্বয় সভার সিদ্ধান্ত অনুযায়ী সম্মন্বিত উপবৃত্তি কর্মসূচির আওতায় এলাকাভিত্তিক দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাদের মাধ্যমে Bounced Back-এর বিষয়ে উল্লেখযোগ্য সংখ্যক Bounced Back হয়েছে এমন  ১০ টি উপজেলার প্রতিটির একটি করে Sample servey রিপোর্ট প্রদান করার বিষয়ে স্কিম পরিচালক সভাকে অবহিত করেন যে, দুই জন কর্মকর্তা ব্যতীত অন্যান্য কর্মকর্তাগণ নির্ধারিত সময়ে রিপোর্ট প্রদান করেন নি। | যে সকল কর্মকর্তা রিপোর্ট প্রদান করেননি তাদেরকে ২৯ সেপ্টেম্বর, ২০২২ তারিখের মধ্যে রিপোর্ট প্রদান করতে হবে। | স্কিম পরিচালক এবং সংশ্লিষ্ট কর্মকর্তাবৃন্দ, HSP |
| ০৯. | ই-স্টাইপেন্ড সফটওয়ার সংক্রান্ত | পরিচালক সভায় জানান যে, ট্রাস্টের আওতায় স্নাতক ও সমমান পর্যায়ে উপবৃত্তি কার্যক্রমের সফটওয়্যার ‘ই-স্টাইপেন্ড ম্যানেজমেন্ট সিস্টেম’ রক্ষণাবেক্ষণের চুক্তি অক্টোবর -২০২২ তারিখ পর্যন্ত রয়েছে।  সেহেতু নতুন কোন সফটওয়্যার নির্মাণ/আপগ্রেডশন না করা অবধি **সিনেসিস আইটি লি.** এর সাথে আরো ০৬ (ছয়) মাস চুক্তি বর্ধিত করা যেতে পারে। | সিনেসিস আইটি লি. কর্তৃক প্রস্তাবনা প্রাপ্তির পরে তাদের সাথে আরো ০৬ (ছয়) মাস চুক্তি বর্ধিত করার বিষয়ে ব্যবস্থা গ্রহণ করতে হবে। | সহকারী পরিচালক (উপবৃত্তি) |
| ১০. | কর্ম প্রতিবেদন সংক্রান্ত | উপ-পরিচালক সভায় জানান যে, সমন্বিত উপবৃত্তি কর্মসূচি-র কর্মকর্তাদের কার্যক্রমের মাসিক কোন প্রতিবেদন না থাকায় তাদের কার্যক্রম সম্পর্কে দালিলিক প্রমাণ পাওয়া যায় না।<br>স্কিম পরিচালক, সভায় জানান যে, উক্ত বিষয়ে একটি ফরম তৈরি করা হয়েছে। অক্টোবর-২০২২ এর ১ম সপ্তাহে স্কিমের কর্মকর্তাগণ বিগত (সেপ্টেম্বর ২০২২) মাসের কাজের প্রতিবেদন নির্ধারিত ছকে পেশ করবেন। | **‘সমন্বিত উপবৃত্তি কর্মসূচি’** এর প্রত্যেক কর্মকর্তা নির্ধারিত ছকে প্রতি মাসের প্রথম সপ্তাহে তাঁর পূর্ববর্তী মাসের কার্যক্রমের প্রতিবেদন পেশ করবেন। | কর্মকর্তা (সকল), সমন্বিত উপবৃত্তি কর্মসূচি |

| | | | | |
|---|---|---|---|---|
| ১১. | হাজিরা প্রদান ও উপস্থিতি সংক্রান্ত | ট্রাস্টের সহকারী পরিচালক (অর্থ ও হিসাব) সভায় জানান যে, ট্রাস্ট ও সমন্বিত উপবৃত্তি কর্মসূচি'র প্রত্যেক কর্মকর্তা/কর্মচারী দৈনিক হাজিরা নিশ্চিত করার লক্ষ্যে ডিজিটাল হাজিরা মেশিন স্থাপন করা হয়। ম্যানুয়ালি হাজিরা রেজিস্ট্রার নাই বিধায় সকল কর্মকর্তা/কর্মচারীকে ডিজিটাল মেশিনে হাজিরা প্রদান ও নির্ধারিত সময়ে অফিসে উপস্থিতির বিষয়টি নিশ্চিত করবেন। | প্রত্যেক কর্মকর্তা-কর্মচারী ডিজিটাল হাজিরা মেশিনে হাজিরা প্রদান ও নির্ধারিত উপস্থিতি নিশ্চিত করবেন। | কর্মকর্তা/কর্মচারী (সকল) |
| ১২. | ট্রাস্টের উপবৃত্তি ও অন্যান্য সেবা সংক্রান্ত | পরিচালক সভায় জানান যে, ট্রাস্ট হতে প্রেরিত উপবৃত্তি সংক্রান্ত সকল সেবার তথ্য যথাযথভাবে হালনাগাদ এবং সংরক্ষণ করা প্রয়োজন। উপকারভোগী শিক্ষার্থীরা যথাসময়ে ট্রাস্টের বিভিন্ন আর্থিক সহায়তার অর্থ পাচ্ছে কিনা তা যাচাই করা প্রয়োজন।<br>সহকারী পরিচালক (প্রশাসন) সভায় জানান যে, প্রতি মাসের মাসিক সমন্বয় সভায় ট্রাস্ট হতে প্রেরিত উপবৃত্তিসহ অন্যান্য সেবার প্রতিবেদন নিয়ে আলোচনা করা যেতে পারে। | ট্রাস্টের আওতায় পরিচালিত সকল প্রকার আর্থিক সহায়তা কার্যক্রমের সর্বশেষ অবস্থার তথ্যাদি প্রত্যেক সমন্বয় সভায় উপস্থাপন করতে হবে। | সহকারী পরিচালক (উপবৃত্তি) ট্রাস্ট এবং HSP |

০৩। আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

কাজী দেলোয়ার হোসেন
ব্যবস্থাপনা পরিচালক (রুটিন দায়িত্ব)

স্মারক নম্বর: ৩৭.২৪.০০০০.০০১.০৬.০০২.১৮.১৪৮

তারিখ: ২৪ আশ্বিন ১৪২৯
০৯ অক্টোবর ২০২২

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :
১) ট্রাস্টের কর্মকর্তা-কর্মচারী (সকল)
২) কর্মকর্তা/কর্মচারী (সকল), সমন্বিত উপবৃত্তি কর্মসূচি

আশ্রাফুল মামুন
সহকারী পরিচালক